



শ্রেণিঃ দ্বিতীয়

বার্ষিক

বিষয়ঃ বাংলা (প্রার্থনা)

লেকচার শীট - ২

তারিখঃ ২১/০৯/২০২০

- শিক্ষার্থীরা প্রার্থনা কবিতাটির ভিডিও দেখবে ও বুঝবে।
- শিক্ষার্থীরা প্রার্থনা কবিতাটির শেষ ১০ লাইন বার বার পড়বে ও মুখস্ত করবে।
- শিক্ষার্থীরা প্রার্থনা কবিতাটির শেষ ১০ লাইন লিখবে।
- শিক্ষার্থীরা মূলশব্দ লিখবে।
- মূলশব্দের অর্থ বুঝবে।
- মূলশব্দ দিয়ে ছোট ছোট প্রশ্ন করা হবে ও শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে উত্তর দিবে।

• **মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ**

মমতা - মায়া, স্নেহ।

মধুর - খুব মিষ্টি।

প্রাণ - জীবন।

মোরা - আমরা।

সরল সহজ - সোজা ও ঝামেলা মুক্ত।

সৎ পথ - ভালো কাজের রাস্তা।

• **মূলশব্দ দিয়ে প্রশ্নঃ**

১। সৃষ্টিকর্তা কি দিয়ে আমাদের প্রাণ ভরে দিয়েছেন? উত্তরঃ সৃষ্টিকর্তা মমতা দিয়ে আমাদের প্রাণ ভরে দিয়েছেন।

২। আমরা কাকে ভুলবো না? উত্তরঃ আমরা সৃষ্টিকর্তা কে ভুলবো না।

৩। আমরা কেমন পথে চলবো? উত্তরঃ আমরা সহজ সরল সৎ পথে চলবো।

৪। কে আমাদেরকে অনেক ভালোবাসেন? উত্তরঃ সৃষ্টিকর্তা আমাদেরকে অনেক ভালোবাসেন।

৫। আমরা কেন সৃষ্টিকর্তাকে ভুলবো না? উত্তরঃ সৃষ্টিকর্তা আমাদেরকে অনেক ভালোবাসেন এবং আমাদেরকে অনেক কিছু দান করেছেন তাই আমরা সৃষ্টিকর্তাকে ভুলবো না।

শিক্ষক -

শাহরিন সুলতানা